Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 28 June, 2025

সামাজিক যোগাযোগমাধ্যম শুধু যোগাযোগের মাধ্যমই নয়, এখন এটি অনেকের জন্য বিশাল আয়ের উৎস।বিশেষ করে বিশ্বের তারকা ব্যক্তিত্বরা ইনস্টাগ্রামে তাদের জনপ্রিয়তাকে রূপান্তর করছেন কোটি কোটি টাকায়। সেই তালিকায় ক্রীড়াবিদদের শীর্ষে রয়েছেন পর্তুগিজ ফুটবল মহাতারকা ক্রিস্টিয়ানো রোনালদো, যার প্রতিটি ইনস্টাগ্রাম পোস্টের মাধ্যমে আয় হয় প্রায় ৩২ লাখ ৩৪ হাজার মার্কিন ডলার – বাংলাদেশি মুদ্রায় যা প্রায় ৩৯ কোটি ৫৩ লাখ টাকা।

ডেনমার্কভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান ইনফ্লুয়েন্সার মার্কেটিং হাব ২০২৪ সালের ইনস্টাগ্রাম ইনফ্লুয়েন্সারদের আয়ের তালিকা প্রকাশ করেছে।সেখানে দেখা যায়, ইনস্টাগ্রামে ৬৫ কোটিরও বেশি অনুসারী নিয়ে রোনালদো শুধু সর্বোচ্চ জনপ্রিয় নন, একই সঙ্গে সর্বোচ্চ উপার্জনকারীও।

তালিকায় দ্বিতীয় মেসি, চতুর্দশ কোহলি

রোনালদোর পরে রয়েছেন আর্জেন্টাইন ফুটবল জাদুকর লিওনেল মেসি, যিনি ইন্টার মায়ামি ক্লাবে খেলার পাশাপাশি ইনস্টাগ্রাম থেকেও ব্যাপক আয় করছেন। তাঁর অনুসারীর সংখ্যা ৫০ কোটিরও বেশি, এবং প্রতিটি পোস্টে আয় ২৫ লাখ ৯৭ হাজার ডলার, যা বাংলাদেশি মুদ্রায় প্রায় ৩১ কোটি ৭৫ লাখ টাকা।

তালিকার তৃতীয় ক্রীড়াবিদ ও ১৪তম অবস্থানে রয়েছেন ভারতের ক্রিকেট তারকা বিরাট কোহলি।তাঁর অনুসারীর সংখ্যা ২৭ কোটির বেশি, যা ক্রিকেটারদের মধ্যে সর্বোচ্চ।প্রতি পোস্ট থেকে কোহলি আয় করেন ১৩ লাখ ৮৪ হাজার মার্কিন ডলার, বাংলাদেশি টাকায় যা প্রায় ১৭

কোটি টাকা।

শীর্ষ পাঁচে আরও যারা

সব ক্ষেত্রের তারকাদের মধ্যে ইনস্টাগ্রাম আয়ে চতুর্থ অবস্থানে রয়েছেন সেলেনা গোমেজ। মার্কিন এই গায়িকা ও অভিনেত্রী প্রতি পোস্টে আয় করেন প্রায় ২৫.৫৮ লাখ ডলার। পঞ্চম অবস্থানে রয়েছেন বিউটি ব্র্যান্ড কাইলি কসমেটিকস-এর মালিক কাইলি জেনার (আয় ২৩.৮৬ লাখ ডলার), আর ষষ্ঠ স্থানে রয়েছেন হলিউডের জনপ্রিয় তারকা ডোয়াইন "দ্য রক" জনসন (আয় ২৩.২৬ লাখ ডলার)।

ক্রিস্টিয়ানো রোনালদো লিওনেল মেসি বিরাট কোহলি ইনফ্লুয়েন্সার ইনস্টাগ্রাম ফুটবল ক্রিকেট সেলেনা গোমেজ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 21:03

URL: https://www.timestodaybd.com/sports/7758073842